আমার মিলন লাগি তুমি   আসছ কবে থেকে !
তোমার চন্দ্র সূর্য তোমায়   রাখবে কোথায় ঢেকে ?।
কতকালের সকাল-সাঁঝে   তোমার চরণধ্বনি বাজে,
গোপনে দূত হৃদয়-মাঝে   গেছে আমায় ডেকে ॥
ওগো পথিক, আজকে আমার   সকল পরান ব্যেপে
থেকে থেকে হরষ যেন   উঠছে কেঁপে কেঁপে ।
যেন সময় এসেছে আজ   ফুরালো মোর যা ছিল কাজ—
বাতাস আসে, হে মহারাজ,   তোমার গন্ধ মেখে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Bahaar Bagesree
Visit www.geetabitan.com for notation and other detail